

অসুর বধের পরেও...

আশ্বিন এর এই শারদ প্রাতে মেঘের ছুটোছুটি,
কিশোর মনও কাশের বনে করছে লুটোপুটি।
ছোট্ট খুকির মন চলে যায় বই এর পাতা ছেড়ে,
গলির পরে শিল্পী যেথায় দুগ্ধা ঠাকুর গড়ে।
খুকির মনে প্রশ্ন অনেক আসছে ঘুরে ফিরে
একে একে মা ঠাম্বিকে প্রশ্ন গুলো করে।

দেয়াল জোড়া মা দুর্গার চিত্রখানি দেখে -
খুকি জিগায় "অসুর বুঝি পাতাললোকেই থাকে ?
সন্ধে বেলা ফেরার পথে পাড়ার মোড়ে যারা -
চোখের চাওয়ায় শরীর মাপে তারা তবে কারা ?
মা দুর্গার সামনে যারা হাত দুখানি জোড়ে ,
পুজোর ভিড়ে হাতের ছোঁয়ায় নগ্ন তারাই করে !
নবমীতে কুমারি পুজো, সাজো সাজো রব,
পরের দিনই সেই কুমারী ধর্ষিতা এক শব!
যে মেয়েটা পড়তে আসে অনেক আশা নিয়ে,
স্বপ্ন দেখার মূল্য চোকায় নিজের জীবন দিয়ে?
অসুর যদি বধ হয়ে যায় মা দুর্গার হাতে,
শোষণ তবে হয় কেন মা ঘরের উমার সাথে?
এসব দেখেও দুগ্ধা ঠাকুর কেনো থাকেন চুপ?
সমাজের এই অসুররা কি শক্তিশালী খুব ?"
প্রশ্ন শুনে সজল চোখে মা তাঁর মাথা ঝাঁকান ,
আলতা পাড়ের ঘোমটা টেনে কালশিটে দাগ লোকান ।
মৃদু কণ্ঠে বলেন খুকিকে মাথায় হাতটি দিয়ে,
" ঘরের মেয়েরা বাঁচতে শিখেছে ঘরের লক্ষী হয়ে।
সমাজের এই অসুরের ভিড়ে বাঁচতে যদি চাও,
মা দুর্গার মতন হাতে অস্ত্র তুলে নাও।
দুর্গা হয়েই থাকবে তুমি, স্বর্গে হোক বা মর্ত্যে ,
এই সমাজে বাঁচবে তুমি কেবলই নিজের শর্তে ।"

তনুশ্রী বেরা
Project Linked Person
GSU, ISI Kolkata